MAY 12 2002

দৈনিক ইনকিলাব

তারিখ ... ... ... ... ... ... ... ...
পৃষ্ঠা ... কলাম ... 4 .....

# সার্ক আওতাধীন সাপটা ও সাফটা বৈঠক স্থগিত

কূটনৈতিক সংবাদদাতা ঃ সার্কভুক্ত দেশগুলোর সাপটা (দক্ষিণ এশিয়া অগ্রাধিকার ভিত্তিক বাণিজ্য/চুক্তি) ও সাফটা

## সাপটা ও সাফটা

প্রথম পৃষ্ঠার পর

(দক্ষিণে এশিয়া অবাধ বাণিজ্য ব্যবস্থা)-এর কর্মকর্তা পর্যায়ের আলোচনা বৈঠক স্থগিত করা হয়েছে। বৈঠক দু'টি নেপালের রাজধানী কাঠমান্ডুতে অনুষ্ঠিত হওয়ার কথা ছিল। সাপটার তিন দিনব্যাপী বৈঠক অনুষ্ঠিত হবার কেথা ছিল গত ১০ মে থেকে। আর সাফটার দুই দিনের বৈঠক অনুষ্ঠিত হবার কথা আগামী ১ জুন।

ঢাকায় পররাষ্ট্র মন্ত্রণালয়ের একটি সূত্র জানান, পাকিস্তান তাদের আভ্যন্তরীণ কারণে বৈঠক দু'টিতে যোগদানের অপরাগতা প্রকাশ করায় সাপটা ও সাফটার বৈঠক স্থগিত করা হয়। তবে ঐ সূত্রে জানা গেছে, আগামী সেপ্টেম্বর মাসে বৈঠক দু'টি অনুষ্ঠিত হবে।

উল্লেখ করা যেতে পারে– বাংলাদেশ, ভারত, ভুটান, নেপাল, পাকিস্তান, শ্রীলংকা ও মালদ্বীপকে নিয়ে গঠিত সার্ক-এর সনদ অনুযায়ী এ আঞ্চলিক সংস্থার অন্তর্ভুক্ত যে কোন একটি দেশ কোন বৈঠকে যোগদানে অপারগতা প্রকাশ করলে, ঐ বৈঠক অনুষ্ঠিত হতে পারবে না। ইতিপূর্বে ভারত অপরাগতা প্রকাশ করায় খোদ সার্ক শীর্ষ বৈঠকই কয়েক দফায় স্থগিত ঘোষণা করা হয়েছিল। পররাষ্ট্র মন্ত্রণালয় সূত্রে আরো জানা গেছে, সাপটা ও সাফটার স্থগিত বৈঠক দু'টি ছিল অত্যন্ত গুরুত্বপূর্ণ। এ বৈঠক দু'টিতে সার্কভুক্ত দেশসমূহের মধ্যে বাণিজ্য বৃদ্ধির স্বার্থে রফতানী পণ্যের শুল্ক হ্রাসের বিষয়টি চূড়ান্ত করার কথা ছিল। এছাড়া চলতি বছরের মধ্যেই দক্ষিণ এশিয়ায় অবাধ বাণিজ্য এলাকা গঠনের বিষয়টিও চূড়ান্ত কর্মসূচীতে রয়েছে।